



পল্লী সঞ্চয় ব্যাংক

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(১৪)/২০১৯-২০/৩৪০৭

তারিখ: ২৯-০৬-২০২০ খ্রি.


কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব জান্নাতুল ফেরদৌস, কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত), পল্লী সঞ্চয় ব্যাংক, কটিয়াদী শাখা, কিশোরগঞ্জ, উক্ত শাখায় কম্পিউটার অপারেটর হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতিমূলক অপরাধ ও জালিয়াতি, চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ/প্রতারণার দায়ে বিভাগীয় মোকদ্দমা নং- ০৫/২০১৮-২০১৯ রুজুপূর্বক ১১-০৬-২০১৯ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(১৪)/২০১৮-১৯/৫৬৯৮ নং স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল, আপনি উহার জনাব দাখিল করিয়াছিলেন এবং উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হইয়াছিল;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সবকিছু বিবেচনা করিয়া আপনি জনাব জান্নাতুল ফেরদৌস আপনাকে লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

০৪। সেহেতু, গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব জান্নাতুল ফেরদৌস আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯ (১) (ক) (আ) প্রবিধি অনুসারে আপনার পদোন্নতি প্রাপ্যতার তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য ছুটি রাখিবার আদেশ দেওয়া হইল। আপনার উপর ২৭-০৩-২০১৯ তারিখে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হইল এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে গণ্য করিয়া উক্ত সময়ে প্রাপ্ত বেতন-ভাতাদির অতিরিক্ত আর কোন বেতন-ভাতাদি প্রদান না করিবার জন্যও আদেশ দেওয়া হইল।



(মোঃ কামরুল হোসেন গাজী)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(১৪)/২০১৯-২০/৩৪০৭(৬)

তারিখ: ২৯-০৬-২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী উপজেলা, কিশোরগঞ্জ।
- ০৪। জেলা কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/জেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প, কিশোরগঞ্জ জেলা।
- ০৫। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কটিয়াদী শাখা, কিশোরগঞ্জ। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে জনাব জান্নাতুল ফেরদৌস-এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব জান্নাতুল ফেরদৌস, কম্পিউটার অপারেটর, পল্লী সঞ্চয় ব্যাংক, কটিয়াদী শাখা, কিশোরগঞ্জ।
- ০৭। নথি / মহানথি।


(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক